গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বস্ত্র অধিদপ্তর
বিটিএমসি ভবন (১০ম তলা)
৭-৯,কাওরান বাজার, ঢাকা-১২১৫।

প্রস্তাবিত নিবন্ধন সংখ্যা:-পরি:/সোয়েটার:-০০০০০৩৭২-১৮
তারিখ: ২৭/০৯/২০১৮ খ্রি:।

তারিখ: ২৭/০৯/২০১৮ খ্রি:।

নং-২৪.০২.০০০০.০০৫.১৮.০৭৬.১৮-৩২৮

ব্যবস্থাপনা পরিচালক,
মেসার্স এডি আর এম ফ্যাশন লিমিটেড
অফিস: রোড নং-০৪, বাড়ি নং-০৩, ফ্ল্যাট নং-বি, বনানী, ঢাকা।
কারখানা: চা বাগান রোড, মৌচাক, কালিয়াকৈর, গাজীপুর।

বিষয়ঃ বস্ত্রশিল্প কারখানার অনুকূলে প্রস্তাবিত নিবন্ধন প্রদান।

প্রিয় মহোদয়,

আপনার ১২/০৯/২০১৮ ইং তারিখের আবেদন পত্রে প্রদত্ত তথ্যাদির ভিত্তিতে আপনার প্রস্তাবিত বস্ত্রশিল্প কারখানাটি ২নং ও ৩নং পৃষ্ঠার শর্তাবলী পালন সাপেক্ষে বস্ত্র অধিদপ্তরে নিম্নরূপে নিবন্ধিত হলোঃ

| | |
|---|---|
| ১। | শিল্প কারখানার নাম:- মেসার্স এডি আর এম ফ্যাশন লিমিটেড (প্রস্তাবিত) |
| ২। | ঠিকানা:- |
| | (ক) অফিস: রোড নং-০৪, বাড়ি নং-০৩, ফ্ল্যাট নং-বি, বনানী, ঢাকা। |
| | (খ) কারখানা: চা বাগান রোড, মৌচাক, কালিয়াকৈর, গাজীপুর। |
| ৩। | উদ্যোক্তাগণের নাম, বর্তমান ও স্থায়ী ঠিকানা, জাতীয়তা,টেলিফোন, ফ্যাক্স এবং ই-মেইল নম্বর:<br>১) জনাব সোনিয়া আক্তার (ব্যবস্থাপনা পরিচালক) ঠিকানা: বাড়ি-৪, রোড-৭/২, ১২-বি, মিরপুর, পল্লবী, ঢাকা; জাতীয়তা: বাংলাদেশী।<br>২) জনাব জাফর ইকবাল হাওলাদার (পরিচালক) ঠিকানা: গ্রাম-কালিহাটা, পোষ্ট-বামরাইল, থানা-ওজিরপুর, বরিশাল; জাতীয়তা: বাংলাদেশী। |
| ৪। | শিল্পের ধরণ (উপ-খাত): ''সোয়েটার'' |
| ৫। | বিনিয়োগের ধরন: স্থানীয় বিনিয়োগ |
| ৬। | উৎপাদন আরম্ভের তারিখ:-০১/১০/২০১৮ খ্রি:। |
| ৭। | বিনিয়োগ (প্রস্তাবিত):- |

| বিবরণ | | | মূল্য (মিলিয়ন টাকা) |
|---|---|---|---|
| (ক) স্থানীয় সম্পদঃ - | স্থানীয় মুদ্রায় | বৈদেশিক মুদ্রায় | মোট |
| (১) জমিঃ- | ভাড়াকৃত | - | ভাড়াকৃত |
| (২) কারখানা ভবন/শেড | ভাড়াকৃত | - | ভাড়াকৃত |
| (৩) যন্ত্রপাতি ও সরঞ্জামাদি | ৬.২০ মি: টাকা (প্রস্তাবিত) | - | ৬.২০ মি: টাকা (প্রস্তাবিত) |
| (৪) অন্যান্য | ১.০০ মি: টাকা (প্রস্তাবিত) | - | ১.০০ মি: টাকা (প্রস্তাবিত) |
| (খ) চলতি মূলধন | ১.০০ মি: টাকা (প্রস্তাবিত) | - | ১.০০ মি: টাকা (প্রস্তাবিত) |
| সর্বমোট টাকা (মিলিয়ন) | ৮.২০ মি: টাকা (প্রস্তাবিত) | - | ৮.২০ মি: টাকা (প্রস্তাবিত)<br>(০.১০৫ মিলিয়ন ইউএস ডলার) |

৮। অর্থায়নের উৎস (প্রস্তাবিত): (মিলিয়ন টাকা)

| উৎস | স্থানীয় মুদ্রায় | বৈদেশিক মুদ্রায় | মোট |
|---|---|---|---|
| (ক) সমমূলধন (ইকুইটি) | ৮.২০ মি: টাকা (প্রস্তাবিত) | -- | ৮.২০ মি: টাকা (প্রস্তাবিত) |
| (খ) স্থানীয় ঋণ | -- | -- | -- |
| (গ) বৈদেশিক ঋণ | -- | -- | -- |
| সর্বমোট | ৮.২০ মি: টাকা (প্রস্তাবিত) | -- | ৮.২০ মি: টাকা (প্রস্তাবিত) |

| | | | | | |
|---|---|---|---|---|---|
| ৯। | যন্ত্রপাতির তালিকা (প্রস্তাবিত): | | | | |
| | যন্ত্রপাতির বিবরণ | | সংখ্যা | মুল্য টাকায় | মূল্য (মিলিয়ন টাকা) |
| | (ক) স্থানীয়ভাবে সংগৃহীত--<br>(খ) আমদানীতব্য -- | | ৪৪ সেট<br>২০ সেট | --<br>-- | ৪.৩৬ মি: টাকা (প্রস্তাবিত)<br>১.৮২ মি: টাকা (প্রস্তাবিত) |
| | সর্বমোট মূল্য:- | | ৬৪ সেট | -- | ৬.২০ মি: টাকা (প্রস্তাবিত) |
| ১০। | বার্ষিক উৎপাদন ক্ষমতা | | | | |
| | পণ্য/সেবার নাম | | পরিমান (গজ/মিটারে)/কেজি | মূল্য (মিলিয়ন টাকায়) | |
| | (ক) বিভিন্ন প্রকার সোয়েটার | | ৯৬,০০০ পিস | ১৮.৭২ মি: টাকা (প্রস্তাবিত) | |
| ১১। | জনবলঃ- | স্থানীয় | বিদেশী | | |
| | (ক) ব্যবস্থাপনা | ১৭ (সতের) জন। | -- | ১৭ (সতের) জন। | |
| | (খ) কর্মচারী/শ্রমিক | ৩৫০ (তিনশত পঞ্চাশ) জন। | -- | ৩৫০ (তিনশত পঞ্চাশ) জন। | |
| | | | | মোট =৩৬৭ (তিনশত সাতষাট্টি) জন (প্রস্তাবিত)। | |
| ১২। | বিপণনঃ | | স্থানীয় ০০ % | রপ্তানি ১০০ % | |

শর্তাবলীঃ

০১। কারখানা ভবনের উপযুক্ততার সনদ এবং যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক কারখানার লে-আউট প্ল্যান অনুমোদিত থাকতে হবে। কারখানা ভবন সংক্রান্ত যে কোন দুর্ঘটনার জন্য মালিক পক্ষ দায়ী থাকবে এবং সকল দায়-দায়িত্ব বহন করবেন।

০২। অগ্নি নির্বাপক সরঞ্জামাদি যথাযথ স্থানে কার্যকরী অবস্থায় স্থাপন করতে হবে এবং ফায়ার লাইসেন্স যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক গ্রহণ করতে হবে। অগ্নি সংক্রান্ত যে কোন দুর্ঘটনার জন্য মালিক পক্ষ দায়ী থাকবে এবং সকল দায়-দায়িত্ব বহন করবেন।

০৩। প্রস্তাবিত বস্ত্র শিল্প কারখানার জন্য নির্ধারিত বহুতল ভবনটির ক্যাপিটাল মেশিনারীজ ও অন্যান্য যন্ত্রাংশ সমূহের ধারণ ক্ষমতা সম্পন্ন হতে হবে। আইইবি সদস্যভুক্ত প্রকৌশলী কর্তৃক কারখানা ভবনের ভারবহন ক্ষমতা পরীক্ষান্তে সিল-স্বাক্ষরিত প্রত্যয়ন পত্র দাখিল করতে হবে। এছাড়া কারখানা ভবনে একাধিক সিঁড়ির ব্যবস্থা থাকতে হবে। ভবন সংক্রান্ত যে কোন দুর্ঘটনার জন্য মালিক পক্ষ দায়ী থাকবে এবং সকল দায়-দায়িত্ব বহন করবেন।

০৪। প্রস্তাবিত প্রকল্পটি বাস্তবায়নে জাতীয়/আর্ন্তজাতিক অর্থলগ্নীকারী কোন সরকারী বা বেসরকারী সংস্থা/প্রতিষ্ঠানের সাথে আর্থিক লেনদেন সংক্রান্ত কোন বিষয়ে এই নিবন্ধন পত্রের কোন সম্পৃক্ততা থাকবেনা।

০৫। শিল্প কারখানার মালিকানা অথবা কারখানা অবস্থানের পরিবর্তন অথবা মেশিনারীজ সমূহ স্থানান্তর/বিক্রি তাৎক্ষনিকভাবে বস্ত্র অধিদপ্তর'কে অবহিত করতে হবে।

০৬। বাধ্যতামূলক সার্টিফিকেশন মার্কস-এর আওতাভুক্ত শিল্প পণ্য বাংলাদেশ ষ্ট্যান্ডার্ড এন্ড টেস্টিং ইনস্টিটিউশন (বিএসটিআই) কর্তৃক নির্ধারিত/প্রণীত মানসম্পন্ন হতে হবে এবং বাজারজাত করার পূর্বে বিএসটিআই এর ছাড়পত্র গ্রহণ করতে হবে।

০৭। শিল্প প্রতিষ্ঠানের কোনরূপ বর্জ্য পদার্থ পরিশোধন না করে নিকটস্থ কোন নদী, সংযোগ খাল বা সাধারণ জলাশয়ে নির্গত করা যাবে না। পানি শোধানাগার/ইটিপি প্ল্যান অবশ্যই স্থাপন ও কার্যকর রাখতে হবে। শিল্প প্রকল্প স্থাপনের পূর্বে বিদ্যমান পরিবেশ আইনের শর্তাবলী প্রতিপালন করতে হবে।

০৮। বাংলাদেশ শ্রম আইন, ২০০৬ সহ বিদ্যমান আইনকানুন ও বিধিমালা প্রতিপালন করতে হবে।

০৯। সরকারের বিদ্যমান আমদানী নীতির আওতায় মূলধনী যন্ত্রপাতি, খুচরা যন্ত্রাংশ এবং কাঁচামাল/মোড়ক সামগ্রী আমদানী করতে হবে।

১০। শিল্প কারখানার উৎপাদনে যাওয়ার পূর্ব পর্যন্ত প্রতি বছর জানুয়ারী মাসে মহাপরিচালক বস্ত্র অধিদপ্তর এর নিকট সংযুক্ত ছক মোতাবেক প্রকল্প বাস্তবায়ন সংক্রান্ত অগ্রগতির প্রতিবেদন দাখিল করতে হবে।

১১। কোন অবস্থাতেই শিশু শ্রমিক (১৫ বৎসর বয়সের কম) নিয়োগ দেয়া যাবে না।

১২। এই রেজিস্ট্রেশন সংশ্লিষ্ট প্রতিষ্ঠানকে বিধিভুক্ত কোন দায় থেকে মুক্তি প্রদান করবে না। কোন শর্ত ভঙ্গ বা কোন বিধি প্রতিপালন না করার ফলে কোন দূর্ঘটনা ঘটলে সে বিষয়ে কারখানা কর্তৃপক্ষ দায়ী থাকবেন ।

১৩। রপ্তানীমুখী শিল্পের ক্ষেত্রে উৎপাদিত পণ্য নিবন্ধন পত্রের বিপনন অনুচ্ছেদে উল্লেখিত হারে (%) রপ্তানি করতে হবে।

১৪। অত্র অধিদপ্তরের যে কোন কর্মকর্তা ও পরিদর্শক কারখানা চলাকালীন যে কোন সময়ে কারখানা পরিদর্শন করতে পারবে।

১৫। যে কোন সরকারী সুযোগ সুবিধা পাওয়ার জন্য বস্ত্র অধিদপ্তরের সুপারিশ এর ক্ষেত্রে সুযোগ সুবিধা প্রাপ্ত হলে বস্ত্র অধিদপ্তরকে অবহিত করতে হবে;

১৬। সম্ভাব্য দুর্ঘটনা রোধকল্পে দেশের প্রচলিত আইন অনুসারে নিরাপত্তামূলক ব্যবস্থা গ্রহণ করতে হবে;

১৭। ভূগর্ভস্থ পানি ব্যবহারের উপর চাপ কমানোর লক্ষ্যে বৃষ্টির পানি ধরে রাখার ব্যবস্থা করতে হবে;

১৮। প্রস্তাবিত প্রকল্পের জমি সংগ্রহের বিষয়ে বস্ত্র অধিদপ্তর কোন প্রকার সংশ্লিষ্ঠতা থাকবে না;

১৯। প্রতিষ্ঠান গুলিতে ডে-কেয়ার সুবিধা, মাতৃত্বকালীন সময়ে ছুটির (প্রযোজ্য ক্ষেত্রে) সুবিধা, স্বল্প আয়ের মহিলা কর্মচারীদের জন্য (প্রযোজ্য ক্ষেত্রে) প্রতিষ্ঠানের কাছাকাছি স্বল্প ব্যয়ে নিরাপদ আবাসন সুবিধা প্রদান, প্রতিষ্ঠানের অভ্যন্তরে মহিলা কর্মীদের সমমর্যাদা প্রতিষ্ঠার জন্য (প্রযোজ্য ক্ষেত্রে) মজুরী ও অন্যান্য ভাতা প্রদান, সমতা বিধান, স্বল্প খরচে খাবারের ক্যান্টিন সুবিধা, পুরুষ ও মহিলা কর্মীদের মাঝে (প্রযোজ্য ক্ষেত্রে) কাজের শান্তিপূর্ণ সুষ্ঠু পরিবেশ সৃষ্টির লক্ষ্যে কার্যকর আচরণ বিধিন প্রণয়ন এবং কাজের গুণগত ও মানসম্মত কর্ম পরিবেশ নিশ্চিত করবেন।

২০। সরকারী কাজে জরিপসহ যে কোন পরিদর্শন বা তথ্য সংগ্রহকালে পূর্ণ সহযোগীতা প্রদান করতে হবে;

২১। প্রযোজ্য ক্ষেত্রে পরিবেশ ছাড়পত্র অত্র অধিদপ্তরে দাখিল করতে হবে।

২২। প্রস্তাবিত বস্ত্র শিল্প কারখানাটির অনুকূলে ০৬ (ছয়) মাসের মধ্যে ক্যাপিটাল মেশিনারীজ/যন্ত্রাংশ সংগ্রহ পূর্বক কারখানায় সংস্থাপিত মেশিন স্থানীয়ভাবে ক্রয়কৃত হলে নোটারীকৃত ক্রয়-বিক্রয় চুক্তিপত্র/আমদানীকৃত হলে আমদানীকৃত মেশিনের ব্যাংকের প্যাডে ব্যাংক কর্তৃক প্রত্যয়ন ও ফায়ার লাইসেন্স দাখিল করে এবং উপরে শর্তাবলী সমূহের সুষ্ঠু বাস্তবায়ন নিশ্চিত করে অত্র অধিদপ্তর হতে বিদ্যমান রূপে নিবন্ধন নিতে হবে। অন্যথায় প্রস্তাবিত নিবন্ধন প্রদানের তারিখ হতে ০৬ (ছয়) মাস পর এই প্রস্তাবিত নিবন্ধন পত্রটি বাতিল বলে গণ্য করা হবে।

উপরিউক্ত শর্তাবলীর যে কোনটি অথবা তার অংশবিশেষ লংঘিত হলে বস্ত্র অধিদপ্তর এই নিবন্ধনের শর্ত পরিবর্তনের অথবা নিবন্ধন বাতিলের অধিকার সংরক্ষণ করে। বস্ত্র অধিদপ্তরে যে কোন যোগাযোগের ক্ষেত্রে এই নিবন্ধন পত্রে উল্লেখিত 'নিবন্ধন সংখ্যা' উল্লেখ করতে হবে। উল্লেখ্য যে, জারীকৃত পত্রটি বস্ত্র অধিদপ্তরের ওয়েবসাইট www.dot.gov.bd এ পাওয়া যাবে।

২৭/০৯/১৮

(মোহাম্মদ আলম রেজা)
উপ-পরিচালক (কারিগরি)
মহাপরিচালক বস্ত্র অধিদপ্তরের পক্ষে।
e-mail: ddplanning@dot.gov.bd
ফোন: ০২-৫৫০১৩২০৩।

নং-২৪.০২.০০০০.০০৫.১৮.০৭৬.১৮-

তারিখ: /০৯/২০১৮ খ্রি:।

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য প্রেরন করা হলোঃ

১। মহা-পরিচালক, পরিবেশ অধিদপ্তর,ই-১৬, আগারগাঁও,শের-ই-বাংলা নগর,ঢাকা।

২। মহা-পরিচালক, বিএসটিআই, ১১৬/ক/ তেজগাঁও, শিল্প এলাকা, ঢাকা।

৩। মহা-পরিচালক, কল-কারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর, ঢাকা।

৪। মহা-পরিচালক, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স, ঢাকা।

আপনার বিশ্বস্ত-

O/C

২৭/০৯/১৮

(মো: মাহফুজুর রহমান)
সহকারী-পরিচালক (কারিগরি)
বস্ত্র অধিদপ্তর, ঢাকা।
e-mail: adplanning@dot.gov.bd
ফোন: ০২-৫৫০১৩৬২৪।